

💵 হিসনুল মুসলিম

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা রচয়িতা/সঙ্কলকঃ ড. সাঈদ ইব্ন আলী ইব্ন ওয়াহফ আল-কাহত্বানী

১১৮. সাফা ও মারওয়ায় দাঁড়িয়ে যা পড়বে

২৩৬- যখন নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম সাফা পর্বতের নিকটবর্তী হলেন, তখন এই আয়াত পড়লেনঃ
﴿ إِنَّ الصَّفَا وَالْمَرْوَةَ مِنْ شَعَآئِرِ اللَّهِ ﴾»

(ইন্নাস্সাফা ওয়াল-মারওয়াতা মিন শা'আ-ইরিল্লা-হ)।

"নিশ্চয়ই সাফা ও মারওয়া আল্লাহর নিদর্শনসমূহের অন্তর্ভুক্ত।"

আর বলেন, "আল্লাহ্ যেখান থেকে শুরু করেছেন আমিও সেখান থেকে শুরু করব।" অতঃপর তিনি সাফা পর্বতে আরোহণ করতে লাগলেন যতক্ষণ না কা'বা দেখলেন, অতঃপর কিবলামুখী হলেন, তারপর আল্লাহ্র তাওহীদ (লা ইলাহা ইল্লাল্লাহ) ঘোষণা করেন এবং তাকবীর (আল্লাহ্থ আকবার) বলেন, অতঃপর এই দো'আ পড়েন,

«لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ، لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ، لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ، أَنْجَزَ وَعْدَهُ، وَعْدَهُ، وَهَزَمَ الْأَحْزَابَ وَحْدَهُ».

(লা ইলা-হা ইল্লাল্লা-হু ওয়াহ্দাহু লা শারীকা লাহু, লাহুল মুলকু ওয়া লাহুল হামদু, ওয়া হুয়া 'আলা কুল্লি শাই'ইন কাদীর। লা ইলাহা ইল্লাল্লা-হু ওয়াহদাহু, আনজাযা ওয়া'দাহু, ওয়ানাসারা 'আবদাহু, ওয়া হাযামাল-আহ্যা-বা ওয়াহদাহু)।

"একমাত্র আল্লাহ ছাড়া কোনো হক্ব ইলাহ নেই, তাঁর কোনো শরীক নেই; রাজত্ব তাঁরই, সমস্ত প্রশংসাও তাঁর; আর তিনি সকল কিছুর উপর ক্ষমতাবান। একমাত্র আল্লাহ ছাড়া কোনো হক্ব ইলাহ নেই, তিনি তাঁর ওয়াদা পূর্ণ করেছেন, তিনি তাঁর বান্দাকে সাহায্য করেছেন, আর তিনি সকল বিরোধী দল-গোষ্ঠীকে একাই পরাস্ত করেছেন।" এভাবে তিনি এর মধ্যবর্তী স্থানেও দো'আ করতে থাকেন। এই দো'আ তিনবার পাঠ করেন।

হাদীসটিতে আরও আছে, "তিনি সাফা পাহাড়ে যেমন করেছিলেন মারওয়াতেও অনুরূপ করেন।"[1]

ফুটনোট

[1] মুসলিম ২/৮৮৮, নং ১২১৮; আর আয়াতটি সূরা আল-বাকারার আয়াত নং ১৫৮।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1039

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন